



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 28 Feb. 26

TIME: 7:35 AM

আসামে নতুন ৫ টি গ্রিনফিল্ড বিমানবন্দর নির্মাণ করার উদ্দেশ্যে প্রাথমিক পর্যায়ের মূল্যায়নের জন্য গতকাল মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার উপস্থিতিতে আসাম সরকার এবং ভারত সরকারের অসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের অধীন বিমানবন্দর কর্তৃপক্ষের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল গুয়াহাটীর লোকসেবা ভবনে এই চুক্তি স্বাক্ষর করা হয়। এই প্রস্তাবিত পাঁচটি গ্রিনফিল্ড বিমানবন্দর ডিমা হাসাও জেলার উমরাংসু, মানস জাতীয় উদ্যান, মাজুলি, ডিফু, এবং চরাইদেওয়ে নির্মাণ করার পরিকল্পনা করা হচ্ছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন যে বিমানবন্দর কর্তৃপক্ষ এই পাঁচটি স্থানে বিমানবন্দর নির্মাণের জন্য প্রাথমিক মূল্যায়ন করবে। আসামের অর্থনৈতিক অগ্রগতি, পর্যটনের বিকাশ এবং সামগ্রিক উন্নয়নের জন্য এই প্রস্তাবিত বিমানবন্দরগুলোর সম্প্রসারণ ও আধুনিকীকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি মন্তব্য করেন। ডলুর প্রস্তাবিত গ্রিনফিল্ড বিমানবন্দর নিয়ে মুখ্যমন্ত্রী বলেন ----

বাইট

মিশন বসুন্ধরা তৃতীয় পর্যায়ের অধীনে রাজ্য সরকার গতকাল সমগ্র আসামের প্রায় ৪০ হাজার পরিবার তথা বিভিন্ন প্রতিষ্ঠানকে জমির পাট্টা প্রদান করেছে। এর অংশ হিসেবে গতকাল হাইলাকান্দি জেলার স্কুল কলেজ সহ ৭০টি প্রতিষ্ঠানকে ডিজিট্যাল পাট্টা বন্টন করা হয়। মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ে স্থানীয় ভূমিহীন পরিবার ও প্রতিষ্ঠানে জমি বন্টন কর্মসূচির অধীনে হাইলাকান্দি জেলা আয়ুক্তের সভাকক্ষে গতকাল আয়োজিত এক সভায় আয়ুক্ত অভিষেক জৈন হিতাধিকারীর মধ্যে ডিজিট্যাল পাট্টা বন্টন করেন। আবন্টিত এই ৭০টি পাট্টায় মোট ৪২ বিঘা জমি রয়েছে। এর মধ্যে ৬৬টি সরকারী শিক্ষা প্রতিষ্ঠান এবং ৪টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। মোট এই ৭০টি পাট্টার মধ্যে হাইলাকান্দি বিধান সভা কেন্দ্রে ৪৭টি এবং কাটলিছড়া-আলগাপুর বিধানসভা কেন্দ্রে ২৩টি পাট্টা রয়েছে।

শ্রীভূমি জেলায় ৬শো ৫০ জন হিতাধিকারীর হাতে আনুষ্ঠানিকভাবে জমির পাট্টা প্রদান করা হয়েছে। এই উপলক্ষে গতকাল শ্রীভূমি জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় উত্তর করিমগঞ্জ এবং দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা সমষ্টির যৌথ উদ্যোগে শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে জমির পাট্টা বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে হিতাধিকারীর হাতে পাট্টা তুলে দেন রাজ্য সরকারের মনোনীত মুখ্য অতিথি হিসেবে উপস্থিত প্রাক্তন বি জে পি জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বেলা সাড়ে ১১ টায় রাজস্থানের আজমের থেকে হিউমেন পেপিলোমা ভাইরাস (এইচ পি ভি) টীকাকরণ অভিযানের সূচনা করবেন । এই টীকা ১৪ বছরের কিশোরীদের প্রদান করা হবে । দেশের ১ কোটি ১৫ লক্ষ্য ১৪ বছরের কিশোরীকে এই টীকাকরণের আওতায় আনা হবে ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী এলাকায় তামাকজাত পণ্য বিক্রি না করতে আহ্বান জানানো হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে গতকাল জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আশে-পাশে কটপা আইনের অধীনে অভিযান চালিয়ে ১ হাজার ৮০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে এবং আইন লংঘনের অভিযোগে কয়েকজন ব্যবসায়ীকে সতর্ক করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের সুস্বাস্থ্য ও ভবিষ্যত সুরক্ষার জন্য এধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জেলায় প্রবীন নাগরিকদের জন্য একটি বিশেষ লিগ্যাল সার্ভিস ক্লিনিকের উদ্বোধন করা হবে । গৌহাটী হাইকোর্টের বিচারপতি তথা আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের কার্যবাহী সভাপতি মাইকেল জোথানখুমা লিগ্যাল সার্ভিস ক্লিনিকের উদ্বোধন করবেন । উল্লেখ্য এই ক্লিনিকটি স্থাপনের মূল উদ্দেশ্য হচ্ছে প্রবীন নাগরিকদের জন্য আইনী সহায়তা সহজলভ্য করা এবং

দ্রুত ন্যায় বিচার নিশ্চিত করা । শ্রীভূমি জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে জেলার সব প্রবীন নাগরিককে এই ক্লিনিকের পরিষেবা গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

হাইলাকান্দি জেলা কৃষি বিভাগের উদ্যোগে আগামী ৯ ও ১০ই মার্চ জেলা কৃষি আধিকারীকের কার্যালয়ে কৃষক মেলা ও প্রদর্শনী আয়োজন করা হয়েছে । জেলার কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষক মেলা ও প্রদর্শনীতে অংশ নিতে বিভিন্ন প্রতিষ্ঠান ও সরকারী বিভাগকে আমন্ত্রন জানানো হয়েছে ।
